গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশ, নরসিংদী
www.palash.narsingdi.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ রবিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী
সভার তারিখ : ১৯ জুলাই ২০২৩
সকাল : ১১.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা সম্মেলনকক্ষ, পলাশ, নরসিংদী।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি এ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন, ইভটিজিং, মাদক ও সন্ত্রাস-নাশকতা বিস্তার রোধে করণীয় বিষয়ে উপস্থিত সদস্যগণকে সুচিন্তিত মতামত প্রদানের আহবান জানান।

২। অফিসার ইনচার্জ, পলাশ থানা, নরসিংদী গত মাসের অপরাধ চিত্রের নিম্নোক্ত "ছক" দাখিল করেন। অপরাধ চিত্র মোতাবেক মে ২০২৩ মাসের তুলনায় জুন ২০২৩ মোট মামলার সংখ্যা হ্রাস পেয়েছে, ১টি চুরির ঘটনা ঘটেছে।

মাসিক অপরাধ চিত্র:

| সময় | খুন | ডাকাতি | দস্যুতা | চুরি | সিঁঃ চুরি | অস্ত্র আইন | অগ্নি সংযোগ | নারী ও শিশু | | | এসিড নিক্ষেপ | মাদক আইন | অপহরণ | দ্রুত বিচার | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অপঃ | ধর্ষণ | অন্যান্য | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| জুন ২০২৩ | - | - | - | ০১ | - | - | - | - | ০ | ০২ | - | ০৮ | - | - | - | ০২ | ১৩ |
| মে ২০২৩ | ০১ | - | - | - | - | - | - | - | ০১ | ০২ | - | ১০ | - | - | - | ০১ | ১৫ |
| হ্রাস/ বৃদ্ধি | হ্রাস | - | - | বৃদ্ধি | - | - | - | - | হ্রাস | - | - | হ্রাস | - | - | - | বৃদ্ধি | হ্রাস |

৩। সভায় সম্মানিত সদস্যগণের বক্তব্য :

৩.১ জনাব রিনা নাসরিন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ডা: নজরুল বিন নূর মহসিন গাল্‌স স্কুল এন্ড কলেজ সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী বলেন, স্কুল-কলেজ শুরু এবং ছুটির সময় স্কুল-কলেজের গেইট এবং আশেপাশের দোকান হতে বখাটেরা ছাত্রীদের উত্তক্ত করে। যেন ইভটিজিং এর শিকার হয়। তিনি বিদ্যালয় শুরু এবং ছুটির সময়ে পুলিশ টহলের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান।

৩.২ জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ জানান যে তার এলাকায় ইদানিং চুরি-ডাকাতি বৃদ্ধি পেয়েছে। চুরি-ডাকাতি রোধে উপজেলা আইনশৃংঙ্খলা কমিটির সহযোগিতা কামনা করেন।

৩.৩ জনাব মোহাম্মদ ইলিয়াস, অফিসার ইনচার্জ, পলাশ থানা নরসিংদী জানান যে, উপজেলায় গরু চুরি, ডাকাতি এবং চাঁষের আওতাভূক্ত পুকুরে বিষ প্রয়োগ ও অন্যান অপরাধ রোধে সকলকে এগিয়ে আসতে হবে। এছাড়াও পুলিশ টহলবৃদ্ধি করা হবে।

৩.৪ জনাব সৈয়দ জাবেদ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী আইনশৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে নিবিড় পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পলাশ থানাকে অনুরোধ জানান।

৩.৫ জনাব মোঃ রবিউল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী জানান যে, মাদক, বাল্য বিবাহ এবং ইভটিজিং এবং গরু চুরি রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। সভায় সর্বম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা- ২

৪. সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ :

| ক্র নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪.১ | ক) স্কুল-কলেজ শুরু এবং ছুটির সময় স্কুল-কলেজের গেইট এবং আশেপাশের দোকান হতে বখাটে দ্বারা ছাত্রীরা যেন ইভটিজিং শিকার না হয় সে জন্য শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির মাধ্যমে ইভটিজিং প্রতিরোধ করতে হবে।<br>খ) স্কুল-কলেজ শুরু এবং ছুটির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এলাকায় পুলিশ টহল বৃদ্ধি করতে হবে।<br>গ) ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করা হবে। | ১। সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পলাশ, নরসিংদী।<br>২। অফিসার ইনচার্জ, পলাশ, থানা, পলাশ, নরসিংদী।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| ৪.২ | ১। উপজেলায় চুরি-ডাকাতি বন্ধে রাত্রীকালীন পুলিশ টহল বৃদ্ধি করতে হবে।<br>২। পলাশ উপজেলার সকল হাট-বাজারের নৈশ প্রহরীদেরকে সক্রিয় করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, পলাশ থানা, পলাশ, নরসিংদী।<br>২। চেয়ারম্যান (সকল), ইউপি<br>৩। সভাপতি বাজার পরিচালনা কমিটি (সকল), পলাশ, নরসিংদী |
| ৪.৩ | প্রতিটি ইউনিয়নে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভা করে এবং সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান (সকল), ইউপি। |
| ৪.৪ | সরকারি দপ্তরসমূহে দপ্তর প্রধানগণ নিজ ব্যবস্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন। | দপ্তর প্রধান (সকল), পলাশ, নরসিংদী |
| ৪.৫ | ঘোড়াশাল পৌরসভাসহ প্রত্যেকটি ইউনিয়ন ও ওয়ার্ডে নিয়মিত আইনশৃঙ্খলা কমিটির সভা করে, সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে এবং সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।<br>২। অফিসার ইনচার্জ, পলাশ, থানা, পলাশ, নরসিংদী।<br>৩। চেয়ারম্যান (সকল), ইউপি। |
| ৪.৬ | সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন আগামী মাসিক সভার পূর্বেই সভাপতি বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৭/২৩

মোঃ রবিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
পলাশ, নরসিংদী।
ফোন নং+৮৮ ০২২২৪৪৬৬৩৪৪
ই-মেইল ঃ unopalash@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৬৮৬৩.০০৭.০৪.০০৩.২৩- ৫৪৫/১(৪০)
তাং- ১৯/০৭/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী;
২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
৩। পুলিশ সুপার, নরসিংদী;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী;
৫। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী;
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী;
৭। উপজেলা ...................... কর্মকতা, ও সদস্য উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, পলাশ, নরসিংদী;
৮। চেয়ারম্যান ............................................. (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী;
৯। অফিস কপি।

১৯/০৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী